“তোমাদের কাছে বিদ্যমান আগুন জাহান্নামের আগুনের সত্তরভাগের একভাগ

আবূ হুরাইরা রদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “তোমাদের কাছে বিদ্যমান আগুন জাহান্নামের আগুনের সত্তরভাগের একভাগ। জিজ্ঞাসা করা হল: হে আল্লাহর রাসূল: এটা যদি যথেষ্ট হত। তিনি বললেন: “এ আগুনের উপরে জাহান্নামের আগুনকে এমন ঊনসত্তর গুণ বর্ধিত করা হয়েছে যে, তার প্রতিটি অংশ একই
রকম গরম।”
[সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সংবাদ দিচ্ছেন যে, জাহান্নামের আগুন দুনিয়ার আগুনের সত্তর ভাগের একভাগের সমান। সুতরাং আখিরাতের আগুন দুনিয়ার আগুন থেকে ঊনসত্তর গুণ বেশী উত্তপ্ত হবে। যার প্রতিটি ভাগই দুনিয়ার আগুনের উত্তাপের সমপরিমাণ হবে। তখন জিজ্ঞাসা করা হল: হে আল্লাহর রাসূল! নিশ্চয় দুনিয়ার আগুনই তো যথেষ্ট ছিল তার মধ্যে প্রবেশ করিয়ে আযাব প্রদানের ক্ষেত্রে। তখন তিনি বললেন: জাহান্নামের আগুনকে দুনিয়ার আগুনের চেয়ে ঊনসত্তরগুণ বর্ধিত করা হয়েছে। যার প্রতিটি অংশই উত্তপ্ত হওয়ার ক্ষেত্রে অন্যটির সমান।

http://sunnah.global/hadeeth/bn/show/65036